



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



## জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি/রেজিঃ/৪১১৯

তারিখ : ১৭/১২/২০২০

বিষয় : ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন এবং ২০১৮ ও ২০১৯ সালের যেসকল রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অনুমোদিত এবং স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

১। ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে এবং বেশ কয়েকবার সংযোজন বা সংশোধনের সুযোগ দেয়া হয়েছিল। কোভিড- ১৯ মহামারির কারণে এখানো পর্যন্ত কিছুসংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে পারেনি। এছাড়া যেসমস্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে, এরূপ শিক্ষার্থীদের আগামী ২০/১২/২০২০ হতে ২২/১২/২০২০ তারিখ পর্যন্ত অনলাইনে (বিলম্ব ফি ব্যতিত নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে।

২। ২০১৮ ও ২০১৯ সালের যেসকল রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, সেসকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন বোর্ডের বিদ্যালয় শাখার মাধ্যমে নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে নবায়ন করতে হবে।

উক্ত বর্ধিত তারিখের পর আর কোন বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা হবে না। এর মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন না করলে দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।